গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

নং-৩৮.১৩২.০০৭.০১.০০.০০.৬৭.২০১০. ১৩২৬/১

তারিখ: ১৭ আশ্বিন, ১৪২৪
০২ অক্টোবর ২০১৭

## পরিপত্র

**বিষয় : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর অধীনস্ত অফিস ও প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন ও প্রমাপ।**

প্রাথমিক শিক্ষার গুনগত মান উন্নয়নের লক্ষ্যে বিদ্যালয়সমূহ নির্দিষ্ট প্রমাপ অনুযায়ী পরিদর্শনকারী কর্মকর্তাগণ কর্তৃক যথাযথ এবং নিয়মিতভাবে পরিদর্শন হওয়া আবশ্যক। এ উদ্দেশে বিভিন্ন সময়ে এ অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে অফিস আদেশ, পরিপত্র জারি করা হয়েছে। সময়ের আবর্তে এবং বর্তমান বাস্তবতার আলোকে ইতোপূর্বে জারিকৃত নির্দেশনাসমূহের কোন কোন অংশ পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। ইতোমধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সারা দেশে ই-মনিটরিং ব্যবস্থা চালু করা হয়েছে। পরিদর্শনকারী কর্মকর্তাগণ সরেজমিনে ই-মনিটরিং সফটওয়ার ব্যবহার করে প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করছেন যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সার্ভারের মাধ্যমে সকল কর্মকর্তাগণ অবলোকন করতে পারছেন।

এ সকল অবস্থা বিবেচনা করে মাঠ পর্যায়ে কর্মরত পরিদর্শনকারী কর্মকর্তাগণকে তাঁদের অধিক্ষেত্রের বিদ্যালয় ও অফিস পরিদর্শনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

(১) পরিদর্শনকারী কর্মকর্তাগণকে পরিদর্শনের ক্ষেত্রে প্রতিমাসে নিম্নরূপ প্রমাপ অনুসরণ করতে হবে:

| ক্রমিক | পদবী | প্রতি মাসের পরিদর্শন লক্ষ্যমাত্রা | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | অফিস | প্রাথমিক বিদ্যালয় | |
| ১ | বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা) | ২ | ৩ | ঢাকা মহানগরের ক্ষেত্রে প্রমাপের অতিরিক্ত ০২টি বিদ্যালয় আবশ্যিকভাবে পরিদর্শন করতে হবে |
| ২ | সহকারী পরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয় | ২ | ৩ | ঢাকা মহানগরের ক্ষেত্রে প্রমাপের অতিরিক্ত ০২টি বিদ্যালয় আবশ্যিকভাবে পরিদর্শন করতে হবে |
| ৩ | শিক্ষা অফিসার, বিভাগীয় উপপরিচালকের কার্যালয় | ২ | ৩ | |
| ৪ | জেলা প্রাথমিকশিক্ষাঅফিসার (ডিপিইও) | ২ | ৩ | |
| ৫ | সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (এডিপিইও) | ৩ | ৫ | |
| ৬ | সুপারিনটেনডেন্ট, প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই) | ১ | ১ | |
| ৭ | সহকারি সুপারিনটেনডেন্ট, পিটিআই | ১ | ১ | |
| ৮ | ইন্সট্রাক্টর, প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই) | ০০ | ১ | |
| ৯ | উপজেলা/ থানা শিক্ষা অফিসার | ০০ | ৫ | |
| ১০ | সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার | ০০ | ১০ | |
| ১১ | ইন্সট্রাক্টর, উপজেলা/ থানা রিসোর্স সেন্টার | ০০ | ৫ | |
| ১২ | সহকারী ইন্সট্রাক্টর, উপজেলা/ থানা রিসোর্স সেন্টার | ০০ | ৭ | |

(২) পরিদর্শনকারী কর্মকর্তাগণ প্রমাপ অনুযায়ী তাঁদের পরবর্তী বছরের পরিদর্শন পরিকল্পনা (তারিখ ও প্রতিষ্ঠানের নামসহ) প্রণয়ন করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ডিসেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা আধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করবেন। পরিদর্শন পরিকল্পনার ০১(এক) কপি মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

(৩) ঢাকা মহানগর ও জেলার ক্ষেত্রে পরিদর্শন পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত তারিখে বিদ্যালয় ও অফিসসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শন করত: পরিদর্শন সম্পন্ন হওয়ার অনধিক ০৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাথমিক শিক্ষা আধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

(৪) ঢাকার বাইরে অন্যান্য জেলার ক্ষেত্রে বিভাগীয় উপপরিচালক ব্যতীত অন্যান্য পরিদর্শনকারী কর্মকর্তাগণ তাঁর একধাপ উপরের কর্মকর্তার নিকট পরিদর্শন পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত তারিখে বিদ্যালয় ও অফিসসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শন করতঃ পরিদর্শন সম্পন্ন হওয়ার অনধিক ০৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।

(৫) বিভাগীয় উপপরিচালকগণ অনধিক ০৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন প্রাথমিক শিক্ষা আধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

(৬) পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তা প্রতিবেদন মূল্যায়ন করে তাঁর একধাপ উপরের কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

(৭) পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিদর্শনকালে নির্ধারিত ছকের পাশাপাশি পরিদর্শন রেজিস্টারে সংক্ষিপ্ত আকারে গুরুত্বপূর্ণ নির্দেশনা দিয়ে পরিদর্শন নোট লিখবেন এবং যথানিয়মে তা ফলো-আপ করবেন।

(৮) প্রণীত পরিদশর্ন পরিকল্পনা অনুযায়ী পরিদর্শন কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ মনিটর করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ বিভাগে প্রেরণ করবে।

(৯) সারা দেশের প্রাথমিক বিদ্যালয়সমূহ পর্যায়ক্রমে ই-মনিটরিং এর আওতায় আনা হচ্ছে। প্রমাপ অনুযায়ী ই-মনিটরিং সফটওয়ার ব্যবহার করে প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করা যাবে। অনলাইন পরিদর্শনের ক্ষেত্রে প্রতিবেদনের প্রিন্ট আউট সংশ্লিষ্ট বিদ্যালয়ে প্রেরণ করতে হবে।

(১০) পরিদর্শন প্রতিবেদন জ্ঞানমূলক, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক কম্পিটেন্সী অর্জিত হচ্ছে কিনা তা উল্লেখ করতেহবে।

(১১) শিক্ষকগণ কর্তৃক ছাত্র-ছাত্রীদেরকে শারীরিক ও মানসিক নির্যাতন করা হচ্ছে কিনা সে বিষয়ে পরিদর্শন প্রতিবেদনে মন্তব্য লিখতে হবে।

২। প্রমাপ অনুযায়ী যথাযথভাবে পরিদর্শন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। পরিদর্শন প্রমাপ সংক্রান্ত পরিপত্র জারির তারিখ থেকে কার্যকর হবে। এ সংক্রান্ত পূর্বের সকল আদেশ/ পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
০২/১০/২০১৭
(ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল এনডিসি)
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

নং-৩৮.১৩২.০০৭.০১.০০.০০.৬৭.২০১০.১৩২৬/১

তারিখ: ১৭ আশ্বিন, ১৪২৪ / ০২ অক্টোবর, ২০১৭

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)

**সদয় অবগতি ও ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিকশিক্ষা অধিদপ্তর,মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. পরিচালক, প্রশাসন/ অর্থ ও সংগ্রহ/ পরিকল্পনা ও উন্নয়ন/ পলিসি ও অপারেশন/ প্রশিক্ষণ/ প্রোগ্রাম/ সেকেন্ড চান্সএডুকেশন/ সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৩. প্রকল্প পরিচালক (সকল),-------------------------------------------------------------------।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইএমডি ,প্রাথমিকশিক্ষা অধিদপ্তর,মিরপুর-২, ঢাকা-১২১৬(পরিপত্রটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৫. জেলা প্রশাসক,(সকল), জেলা ---------------------------------------।
৬. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিকশিক্ষা (সকল) --------------------------- বিভাগ।
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা-----------------------------------।
৯. সুপারিনটেনডেন্ট, প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট (সকল), জেলা -------------------------
১০. পিটিআই ইনস্ট্রাক্টর (সকল), জেলা-----------------------------------
১১. উপজেলা /থানা শিক্ষা অফিসার/ ইউআরসি ইন্স্ট্রাক্টর, উপজেলা/ থানা ---------------- জেলা ----------------।
১২. সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার/ ইউআরসি ইনস্ট্রাক্টর, উপজেলা/ থানা --------- জেলা ---------------।
১৩. সংরক্ষণ নথি।

২/১০/১৭
(মোঃ এনামুল কাদের খান)
পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।